# ধান গবেষণা সমাচার

BRRI NEWSLETTER

BANGLADESH RICE RESEARCH INSTITUTE

চৌত্রিশ বর্ষ | সংখ্যা ১ | পৌষ-ফাল্গুন ১৪৩০ | January-March 2024


## ব্রির 'বার্ষিক গবেষণা পর্যালোচনা কর্মশালা ২০২২-২৩' উদ্বোধন
## উৎপাদন বাড়াতে গবেষণার উপর গুরুত্বারোপ কৃষিমন্ত্রীর

উৎপাদন বাড়াতে গবেষণার উপর গুরুত্বারোপ করেছেন কৃষিমন্ত্রী ড. মো. আব্দুস শহীদ, এমপি। ০৮ ফেব্রুয়ারি, ২০২৪ (বৃহস্পতিবার) বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) এর সাতদিন ব্যাপি "বার্ষিক গবেষণা পর্যালোচনা কর্মশালা ২০২২-২৩" এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ গুরুত্বারোপ করেন।

এর আগে ব্রি উদ্ভাবিত ধানের জাত, কৃষি যন্ত্রপাতি ও প্রযুক্তির স্টল পরিদর্শন শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি বলেন, গবেষণা ছাড়া কোন উপায় নেই। যে জাতি এগিয়েছে, গবেষণার মাধ্যমে এগিয়েছে। বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি প্রতিষ্ঠান। আমাদের কৃষি বিজ্ঞানীরা এখানে কাজ করছেন। আমাদের বিজ্ঞানীরা কিছুদিন পরপর যে ভ্যারাইটি বের করে এর মাধ্যমে আমরা বিশ্বকে বুঝিয়ে দিতে পারি যে আমরাও পারি, অসম্ভব কোন কিছুই নয়। মাননীয় কৃষিমন্ত্রী বিজ্ঞানীরা যে সমস্ত জিনিস উদ্ভাবন করছে সেগুলো গণমাধ্যমে বেশি বেশি করে প্রচার করার উপর গুরুত্বারোপ করে বলেন, তাহলে কৃষকরা উৎসাহ পাবে এবং উৎপাদন বাড়াবে। বাংলাদেশ ধান গবেষণা

*বাকী অংশ পৃষ্ঠা ৫*




*Agriculture Minister Dr. Md. Abdus Shahid MP addressing inagural ceremony of annual research review workshop 2022-23 as chief guest.*

## Inauguration of Annual research review workshop 2022-23
## Agriculture Minister's emphasis on research to increase production

Agriculture Minister Dr. Md. Abdus Shahid MP emphasized on research in a bid to increase production. He emphasized this during his address as chief guest of iaugural ceremony of 7-day long annual research review workshop on February 8th, 2024 (Thursday). Earlier, the minister inspected stalls of different paddy varieties, farm machineries and technology invented by BRRI. Following this during a conversation with journalists he said there is no way except research. All the nations those made advancement, have made it through research. Bangladesh Rice Research Institute is a very significant institution. Our agricultural scientists are working here. Our scientists frequently invent new varieties of rice and through these we can make the world understand we are also capable and nothing

*See page 5*

## বীজ বোর্ডের অনুমোদন পেল ব্রি ধান১০৭ ও ব্রি ধান১০৮


বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) উদ্ভাবিত নতুন দুই জাতের উচ্চ ফলনশীল ধানের অনুমোদন দিয়েছে জাতীয় বীজ বোর্ড। মঙ্গলবার (০৯ জানুয়ারি, ২০২৪) অনুষ্ঠিত জাতীয় বীজ বোর্ডের ১১১তম সভায় ধানের জাতগুলো অনুমোদন করা হয়। এর ফলে ব্রি উদ্ভাবিত সর্বমোট ধানের জাতের সংখ্যা দাঁড়াল ১১৫টি। কৃষি মন্ত্রণালয়ের সচিব ওয়াহিদা আক্তারের সভাপতিত্বে অনুষ্ঠিত জাতীয় বীজ বোর্ডের ১১১তম সভায় ব্রির মহাপরিচালক ড. মো. শাহজাহান কবীরসহ সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও বিভাগের কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

নতুন উদ্ভাবিত জাত ব্রি ধান১০৭, প্রিমিয়াম কোয়ালিটি সম্পন্ন উফশী বালাম জাতের বোরো ধান। এ জাতটি বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) কর্তৃক ২০১৫ সালে কৃষকের মাঠ থেকে সংগ্রহ করে বিশুদ্ধ লাইন বাছাইকরণ প্রক্রিয়ার মাধ্যমে নির্বাচিত করা হয়। ব্রি গাজীপুরের গবেষণা মাঠে

*বাকী অংশ পৃষ্ঠা ৬*



*BRRI dhan107*



*BRRI dhan108*

## NSB Approved BRRI dhan107 and BRRI dhan108

The National Seed Board has approved two new high-yielding Boro rice varieties developed by the Bangladesh Rice Research Institute (BRRI). The rice varieties were approved in the 111th meeting of the National Seed Board held on Tuesday (January 09, 2024). As a result, the total number of rice varieties developed by BRRI stood at 115. In the 111th meeting of the National Seed Board chaired by the Secretary of the Ministry of Agriculture Ms Wahida Akter. Director General of BRRI Dr. Md. Shahjahan Kabir along with other high officials of related ministries and departments were also present in the

*See page 6*

# ইরি পরিচালকের ব্রি পরিদর্শন

আন্তর্জাতিক ধান গবেষণা ইনস্টিটিউট (ইরি) এর এশিয়ার আঞ্চলিক পরিচালক ড. জংসু শিন মঙ্গলবার (২৩ জানুয়ারি ২০২৪) গাজীপুরে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) এর সদর দপ্তর পরিদর্শন করেন। ব্রির মাননীয় মহাপরিচালক ড. মোঃ শাহজাহান কবীর ব্রি সদর দপ্তরে তাঁকে স্বাগত জানান।



পরে সফররত ইরির এশিয়ার আঞ্চলিক পরিচালক ব্রির বিভাগীয় প্রধানদের সঙ্গে মতবিনিময় সভায় মিলিত হন। ব্রির মাননীয় মহাপরিচালক ড. মো. শাহজাহান কবীর এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় ব্রির অর্জন ও অগ্রগতি সম্পর্কে পাওয়ার পয়েন্ট উপস্থাপন করেন উদ্ভিদ প্রজনন বিভাগের সিএসও এবং প্রধান ড. খোন্দকার মো. ইফতেখারুদ্দৌলা। সভায় ব্রির মহাপরিচালক বলেন, বিশ্বের সাথে তাল মিলিয়ে ব্রির গবেষণা কার্যক্রম পরিচালনা হয়। বর্তমান সরকারের সুচিন্তিত পরিকল্পনায় বাংলাদেশ খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জন করেছেন। তিনি ব্রি এবং ইরির মধ্যে পারস্পরিক সহযোগিতার উপর গুরুত্ব আরোপ করেন। পরে ইরির পরিচালক ড. জংসু শিন ব্রির কেন্দ্রীয় গবেষণাগার, রাইস মিউজিয়াম পরিদর্শন করেন। সভায় ব্রির পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) ড. মো. আব্দুল লতিফ, ইরির বাংলাদেশ প্রতিনিধি হোমনাথ ভান্ডারি, উচ্চ শিক্ষা ও গবেষণা সমন্বয়কারী ড. মুন্নুজান খানম, ইরির নির্বাহী সহকারী মোহাম্মদ শাহীন ভূঁইয়া উপস্থিত ছিলেন। মতবিনিময় সভা শেষে ব্রির পক্ষ থেকে সফররত প্রতিনিধি দলের সদস্যদের ক্রেস্ট এবং বিভিন্ন উপহার সামগ্রী উপহার দেয়া হয়।

# IRRI Director Visits BRRI

International Rice Research Institute (IRRI) Regional Director for Asia Dr. Jongsoo Shin visited Bangladesh Rice Research Institute (BRRI) Headquarters on 23 January 2024 in Gazipur.

BRRI Director General Dr. Md. Shahjahan Kabir offered a cordial welcome to Dr. Jongsoo Shin and his accompanies at the institute and briefed about its main features. He also discussed ways and means to strengthen collaboration between BRRI and IRRI in an opinion exchange meeting held on the occasion.

Head of the Plant Breeding division Dr. Khandakar Md Iftekharuddaula delivered a presentation focusing on the major achievement and progress. BRRI Director General Dr. Md. Shahjahan Kabir presided over the opinion exchange meeting organized on the occasion while BRRI Director (Administration & Common Service) Dr. Md. Abdul Latif, IRRI Country representative for Bangladesh Dr. Humnath Bhandari, Executive Assistant Mohammed Shaheen Bhuiya, BRRI CASR Dr. Munnujan Khanam, Heads of the research divisions of the Institute were present.

# বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস-২০২৪ উদ্‌যাপন

বিভিন্ন কর্মসূচীর মধ্যদিয়ে রবিবার (১৭ মার্চ ২০২৪) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উদ্‌যাপন করেছে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি)। দিবসটি উপলক্ষে সকালে গাজীপুরে ইনস্টিটিউটের সদর দপ্তরে জাতীয় পতাকা উত্তোলন করেন অনুষ্ঠানের প্রধান অতিথি ব্রির মাননীয় মহাপরিচালক ড. মো. শাহজাহান কবীর। পরে তিনি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন। এরপর সংক্ষিপ্ত আলোচনাসভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় সভাপতিত্ব করেন মূখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ড. এ এস এম মাসুদুজ্জামান। বিশেষ অতিথির বক্তব্য রাখেন ব্রির পরিচালক (গবেষণা) ড. মোহাম্মদ খালেকুজ্জামান এবং পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) ড. মো. আব্দুল লতিফ। সিনিয়র সহকারী পরিচালক (প্রশাসন) কাওছার আহমদের সঞ্চালনায় আরও বক্তব্য রাখেন খামার ব্যবস্থাপনা বিভাগের প্রধান জনাব মো. সিরাজুল ইসলাম। আলোচনাসভা শেষে বিশেষ মোনাজাত অনুষ্ঠিত হয়। পরে একটি বর্ণাঢ্য র‍্যালী ব্রির বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে।

এরপর জাতীয় শিশু দিবস উপলক্ষে বি আর আর আই উচ্চ বিদ্যালয়, ব্রি প্রগতি প্রাথমিক বিদ্যালয়ে শিশুদের সঙ্গে জাতির পিতার জন্মদিনের কেক কাটেন ব্রির মাননীয় মহাপরিচালক ড. মোঃ শাহজাহান কবীর। এর আগে প্রধান অতিথি বেলুন উড়িয়ে জাতীয় শিশু দিবসের অনুষ্ঠানমালা উদ্বোধন করেন। এ সময় শিক্ষার্থীদের উদ্দেশ্যে মাননীয় মহাপরিচালক বলেন,

*বাকী অংশ পৃষ্ঠা ৭*



*BRRI's Honorable Director General Dr. Md. Shahjahan Kabir paid tributes to the portrait of Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman to mark his 104th birth anniversary and National Children's Day.*

# Bangabandhu Sheikh Mujibur Rahman's birth anniversary and National Children's Day celebration

Bangladesh Rice Research Institute - BRRI celebrated the 104th birth anniversary of Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman and National Children's Day through various programs on Sunday (17 March 2024). chief guest of the ceremony honorable Director General of BRRI Dr. Md. Shahjahan Kabir hoisted the national flag at the headquarters of the institute in Gazipur. Later he placed a wreath on the portrait of Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman. Then a short discussion was held. The discussion meeting was chaired by the chief scientific officer Dr. ASM Masuduzzaman. BRRI Director (Research) Dr. Mohammad Khalequzzaman and Director (Administration and Common Service) Dr. Md. Abdul Latif spoke as special guests. Senior Assistant Director (Administration) Mr. Kawsar Ahmed moderated the program. Head of Farm Management Department Sirajul Islam also spoke at the program. Special prayers were held at the end of the discussion. Later a colorful procession marched various streets of BRRI. Then, BRRI DG Dr, Md. Shahjahan Kabir cut the

*See page 7*

## জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বদেশ প্রত্যাবর্তন দিবস পালন

নানা কর্মসূচির মধ্যদিয়ে ১০ জানুয়ারি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বদেশ প্রত্যাবর্তন দিবস পালন করেছে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি)। দিবসটি উপলক্ষে সকালে গাজীপুরে ব্রি সদর দপ্তরে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন করেন ব্রির মাননীয় মহাপরিচালক ড. মো: শাহজাহান কবীর।

পরে ব্রি আওয়ামী পরিবারের পক্ষ থেকে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন করা হয়। এরপর মহাপরিচালক মহোদয়ের নেতৃত্বে একটি র‍্যালি প্রশাসন ভবনের সামনে থেকে বের হয়ে ব্রি সদর দপ্তরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে। পরে দিবসটি উপলক্ষে এক সংক্ষিপ্ত আলোচনাসভা অনুষ্ঠিত হয়। সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন ড. মো: শাহজাহান কবীর।

এসব কর্মসূচিতে ব্রির পরিচালক (গবেষণা) ড. মোহাম্মদ খালেকুজ্জামান, পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) ড. মো. আব্দুল লতিফসহ সকল বিভাগীয় ও শাখা প্রধান, ব্রিতে ক্রিয়াশীল বিভিন্ন সংগঠন এর প্রতিনিধিবৃন্দ এবং সর্বস্তরের বিজ্ঞানী, কর্মকর্তা, কর্মচারী ও শ্রমিকগণ উপস্থিত ছিলেন।

১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধে বিজয়ের পর পাকিস্তানের বন্দিদশা থেকে মুক্তি পেয়ে ১৯৭২ সালের ১০ জানুয়ারি বঙ্গবন্ধু সদ্য স্বাধীন বাংলাদেশের মাটিতে প্রত্যাবর্তন করেন।



*Honorable Director General of BRRI Dr. Md. Shahjahan Kabir laid wreaths at the portrait of Bangabandhu to mark homecoming day of the Father of the Nation.*

## Homecoming Day of Bangabandhu Sheikh Mujibur Rahman observed at BRRI

Homecoming day of Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman was observed at Bangladesh Rice Research Institute -BRRI on January 10th 2024 through various programs. Honorable Director General of BRRI Dr. Md. Shahjahan Kabir paid tributes to the portrait of Bangabandhu at BRRI headquarters in Gazipur to mark the day. Later, BRRI Awami family paid tributes to Bangabandhu's portrait. After that, a procession led by the Director General was brought out from the front of the administration building and marched various roads of the BRRI headquarters. Later, a short discussion was held to mark the day. Dr. Md. Shahjahan Kabir spoke at the meeting as the chief guest. BRRI Director (Research) Dr. Mohammad Khalequzzaman, Director (Administration and Common Service) Dr. Md. Abdul Latif along with all division and branch heads, representatives of various organizations active in BRRI and all levels of scientists, officials, employees and workers of the institute were present.

## ব্রিতে ঐতিহাসিক ০৭ মার্চ উদ্‌যাপিত

নানা কর্মসূচির মধ্যদিয়ে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটে (ব্রি) বৃহস্পতিবার (০৭ মার্চ ২০২৪) যথাযথ মর্যাদার সাথে ঐতিহাসিক ০৭ মার্চ ২০২৪ উদ্‌যাপিত হয়েছে। দিবসটি উপলক্ষে ইনস্টিটিউটের গাজীপুর সদর দপ্তরে প্রশাসনিক ভবনের সামনে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন ব্রির মাননীয় মহাপরিচালক ড. মো: শাহজাহান কবীর। এসময় বিভাগ, শাখা প্রধানগণ, ব্রিতে ক্রিয়াশীল বিভিন্ন সংগঠন এর প্রতিনিধি, বিজ্ঞানী, কর্মকর্তা, কর্মচারী, শ্রমিক, বি আর আর আই উচ্চ বিদ্যালয় এবং ব্রি প্রগতি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণ উপস্থিত ছিলেন।

পরে সংক্ষিপ্ত এক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে ব্রির মাননীয় মহাপরিচালক ড. মো: শাহজাহান কবীর বলেন, ১৯৭১ সালের ০৭ মার্চ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক ভাষণে স্বাধীনতাযুদ্ধের জন্য দেশবাসীকে প্রস্তুতি নিতে বলা হয়েছিল। এরই ধারাবাহিকতায় মুক্তিযুদ্ধের মাধ্যমে বাংলাদেশ একটি স্বাধীন ও সার্বভৌম রাষ্ট্র হিসেবে বিশ্ব দরবারে স্থান করে নেয়। ০৭ মার্চের ভাষণের গুরুত্ব ও তাৎপর্য নতুন প্রজন্মের সামনে তুলে ধরার আহবান জানিয়ে ব্রির মহাপরিচালক বলেন, বঙ্গবন্ধু তথা মুক্তিযুদ্ধের চেতনায় বর্তমানে বাংলাদেশ যেভাবে এগিয়ে চলছে তা অব্যাহত রাখতে বঙ্গবন্ধু কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে সকলকে ঐক্যবদ্ধ থাকতে হবে। ব্রির মূখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ড. এ এস এম মাসুদুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বিশেষ অতিথির বক্তব্য রাখেন পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) ড. আব্দুল লতিফ। অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন খামার ব্যবস্থাপনা বিভাগের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ও প্রধান মো. সিরাজুল ইসলাম। সভা উপস্থাপনা করেন সিনিয়র সহকারী পরিচালক কাওছার আহমেদ।

আলোচনা সভা শেষে বিশেষ মোনাজাত অনুষ্ঠিত হয়। দিবসটি উপলক্ষে ব্রির প্রশাসনিক ভবনের সামনে থেকে একটি র‍্যালি বের হয়ে ব্রি সদর দপ্তরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে।



*On the historical occasion of March 7, 2024, the Honorable Director General of BRRI Dr. Md. Shahjahan Kabir laid wreaths at the portrait of Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman.*

## Historic seventh March observed at BRRI

Historic 7th March 2024 was celebrated with due dignity on Thursday (07 March 2024) at Bangladesh Rice Research Institute - BRRI through various programmes. In front of the administrative building at the Gazipur headquarters of the Institute, the Honorable Director General of BRRI Dr. Md: Shahjahan Kabir paid tributes to the portrait of the Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman. Heads of divisions and branches, representatives of various organizations active in BRRI, scientists, officers, employees and workers of BRRI along with teachers of BARI High School and BRRI Pragati Primary School were present. Later, at a short discussion meeting, during the chief guest's speech, the Honorable Director General of BRRI Dr. Md. Shahjahan Kabir said, in the historic speech of Bangabandhu Sheikh Mujibur Rahman on March 7, 1971, the countrymen were asked to prepare themselves for the war of independence. In the continuation of this, through the war of liberation, Bangladesh took place in the world as an independent and sovereign state. Calling on the importance and significance of the March 07 speech to be presented to the new generation, the Director General of BRRI said that everyone should be united under the leadership of Bangabandhu's daughter Hon'ble Prime Minister Sheikh Hasina to continue the way Bangladesh is currently moving forward in the spirit of Bangabandhu and the liberation war. BRRI's chief scientific officer ASM Masuduzzaman presided over the program. Director (Administration and Common Service) Dr. Abdul Latif spoke as a special guest.

## ব্রিতে মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালিত

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটে (ব্রি) বুধবার (২১ ফেব্রুয়ারি ২০২৪) যথাযথ মর্যাদার সাথে মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালিত হয়েছে। দিবসটি উপলক্ষে ইনস্টিটিউটের গাজীপুর সদর দপ্তরে প্রশাসনিক ভবনের সামনে সকালে জাতীয় পতাকা উত্তোলন (অর্ধনমিত) এবং কালো ব্যাজ ধারণ করা হয়। পরে শহীদদের বিদেহী আত্মার মাগফিরাত কামনা করে বিশেষ মোনাজাত করা হয়।

এরপর একটি প্রভাতফেরি ব্রির বিভিন্ন সড়ক প্রদক্ষিণ শেষে শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করেন ব্রির মাননীয় মহাপরিচালক ড. মো: শাহজাহান কবীর। পরে সংক্ষিপ্ত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন ব্রির মাননীয় মহাপরিচালক। ব্রির মূখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ড. এ এস এম মাসুদুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বিশেষ অতিথির বক্তব্য রাখেন পরিচালক (গবেষণা) ড. মোহাম্মদ খালেকুজ্জামান এবং পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) ড. মো. আব্দুল লতিফ। এ সব কর্মসূচিতে বিভাগীয় ও শাখা প্রধানগণ, ব্রিতে ক্রিয়াশীল বিভিন্ন সংগঠনের প্রতিনিধি, বি আর আর আই উচ্চ বিদ্যালয়, ব্রি প্রগতি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন। পরে ব্রির মাননীয় মহাপরিচালক ড. মো: শাহজাহান কবীর বিদ্যালয়ের শিক্ষার্থীদের দেয়ালিকা উদ্বোধন করেন। এই সময়ে তিনি বলেন, একুশের চেতনায় দেশকে আরো সামনে এগিয়ে নিয়ে যেতে হবে। এ ক্ষেত্রে নতুন প্রজন্মকে অগ্রনী ভূমিকা পালন করতে হবে।

এরপর সাংস্কৃতিক অনুষ্ঠানে দেশাত্ববোধক ও একুশের গান পরিবেশিত হয়। পরে বি আর আর আই উচ্চ বিদ্যালয় ও ব্রি প্রগতি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের অংশগ্রহণে অনুষ্ঠিত চিত্রাঙ্কন প্রতিযোগিতায় পুরস্কার বিতরণ করেন ব্রির মহাপরিচালক। এছাড়া ভাষা শহীদদের বিদেহী আত্মার মাগফিরাত কামনা করে ব্রি কেন্দ্রীয় জামে মসজিদে কোরআনখানি ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়।

## Martyrs' Day and International Mother Language Day observed at BRRI

Martyrs' Day and International Mother Language Day was observed in a befitting manner at Bangladesh Rice Research Institute - BRRI on Wednesday (21 February 2024). To mark the day, the national flag was hoisted (half-mast) in the morning in front of the administration building at the institute's Gazipur headquarters and black badges were worn. Later, a special prayer was offered to the martyrs seeking their forgiveness.



*On the occasion of Martyr's Day and International Mother Language Day, BRRI's Honorable Director General Dr. Md. Shahjahan Kabir laid wreaths at Shaheed Minar*

After a morning march through different roads of BRRI, the Honorable Director General of BRRI Dr. Md: Shahjahan Kabir laid wreaths at Shaheed Minar. Later, at a short discussion meeting, the DG addressed as chief guest. BRRI's chief scientific officer. ASM Masuduzzaman presided over the meeting. Director (Research) Dr. Mohammad Khalequzzaman and Director (Administration and Common Service) Dr. Md. Abdul Latif addressed the program as special guests. Heads of divisions and branches, representatives of various organizations active in BRRI, teachers-students of BARI High School, BRRI Pragoti Primary School were present in all these programs.

Later the Honorable Director General Dr. Md. Shahjahan Kabir inaugurated the wall magazine of students of the school. At that time, he said, the country should be taken forward in the spirit of Ekush. In this regard, the new generation has to play a leading role.

## ব্রিতে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদ্‌যাপন

যথাযথ মর্যাদার সাথে নানা কর্মসূচীর মধ্যদিয়ে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটে (ব্রি) মঙ্গলবার (২৬ মার্চ ২০২৪) মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদ্‌যাপিত হয়েছে। দিবসটি উপলক্ষে ভোরে গাজীপুরে ইনস্টিটিউটের সদর দপ্তরে প্রশাসনিক ভবনের সামনে জাতীয় পতাকা উত্তোলন করেন ব্রির মাননীয় মহাপরিচালক ড. মো: শাহজাহান কবীর। এরপর তিনি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন। পরে সংক্ষিপ্ত আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসাবে বক্তব্য রাখেন ব্রির মাননীয় মহাপরিচালক।

ব্রির মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ড. এ এস এম মাসুদুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বিশেষ অতিথির বক্তব্য রাখেন পরিচালক (গবেষণা) ড. মোহাম্মদ খালেকুজ্জামান এবং পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) ড. মো. আব্দুল লতিফ। সিনিয়র সহকারী পরিচালক (প্রশাসন) কাওছার আহমদ এর সঞ্চালনায় সভায় আরও বক্তব্য রাখেন খামার ব্যবস্থাপনা বিভাগের প্রধান এবং মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা জনাব মো. সিরাজুল ইসলাম। *বাকী অংশ পৃষ্ঠা ৫*

## Independence and National Day celebrated at BRRI

Historic Independence Day was celebrated at Bangladesh Rice Research Institute – BRRI on Tuesday (26 March 2024) in a befitting manner through different programs. BRRI Director General Dr. Md. Shahjahan Kabir hoisted national flag in front of Administration Building of BRRI headquarters in Gazipur at early morning. Then he paid tributes to portrait of Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman. The program was followed by a discussion program addressed by BRRI DG Dr. Md. Shahjahan Kabir as chief guest. Chief Scientific Officer of BRRI Dr. A S M Masuduzzaman presided over the program. BRRI Director (Research) Dr. Mohammad Khalequzzaman and Director (Administration and Common Service) Dr. Md. Abdul Latif *See page 6*



*Honorable Director General of BRRI Dr. Md. Shahjahan Kabir laid wreaths on portrait of Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman to mark Independence Day.*

## উৎপাদন বাড়াতে গবেষণার উপর গুরুত্বারোপ কৃষিমন্ত্রীর

প্রথম পৃষ্ঠার পর

ইনস্টিটিউট শুধু দেশে নয় বরং বিশ্বের মডেল। আন্তর্জাতিক ধান গবেষণা ইনস্টিটিউট (ইরি) যেমন ফিলিপাইনকে বিশ্বের দরবারে পরিচয় করিয়ে দিয়েছে তেমনি ব্রিও বাংলাদেশকে বিশ্বের দরবারে পরিচয় করিয়ে দিয়েছে। তিনি বলেন, আমরা সিদ্ধান্ত নিয়েছি সিন্ডিকেট থাকলে সেটা কীভাবে ধ্বংস করা যায়, তার জন্য প্রক্রিয়া কি, সেটা উদ্ভাবন করে আমরা ইতোমধ্যে কাজ শুরু করেছি। রমজান মাসে হারাম ব্যবসা না করার জন্য ব্যবসায়ীদেরকে অনুরোধ করেন কৃষিমন্ত্রী।

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট এর মহাপরিচালক ড. মো. শাহজাহান কবীর উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন এবং স্বাগত বক্তব্য রাখেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি মন্ত্রণালয়ের মাননীয় সচিব ওয়াহিদা আক্তার। সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) এর চেয়ারম্যান আব্দুল্লাহ সাজ্জাদ এনডিসি, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (বিএআরসি) এর নির্বাহী চেয়ারম্যান ড. শেখ মোহাম্মদ বখতিয়ার, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের চেয়ারম্যান বাদল চন্দ্র বিশ্বাস, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক ড. দেবাশীষ সরকার, জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থার (এফএও) বাংলাদেশ প্রতিনিধি জেকুন সি, আন্তর্জাতিক ধান গবেষণা ইনস্টিটিউট (ইরি) এর বাংলাদেশ প্রতিনিধি ড. হোমনাথ ভান্ডারি। কর্মশালায় 'গবেষণা অগ্রগতি এবং অর্জন ২০২২-২৩' শীর্ষক প্রবন্ধ উপস্থাপন করেন ব্রির পরিচালক (গবেষণা) ড. মোহাম্মদ খালেকুজ্জামান এবং ধন্যবাদ জ্ঞাপন করেন ব্রির পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) ড. মো. আব্দুল লতিফ।

কৃষিমন্ত্রী বলেন, আমরা যদি ফসল বেশি উৎপাদন করতে পারি তাহলে বিশ্বের কাছে আমাদের মাথানত করতে হবে না।

অপচয়, দুর্নীতি যাতে না হয় সে বিষয়ে আমাদের সজাগ থাকতে হবে। প্রকল্পগুলো সময়মত শেষ করতে হবে। চালের দাম যাতে বৃদ্ধি না পায় সে বিষয়ে আমাদের নজর দিতে হবে। এ সময় কৃষিমন্ত্রী আন্তর্জাতিক মূল্যের তুলনায় বাংলাদেশে চালের দাম অনেক কম বলেও উল্লেখ করেন।

বিশেষ অতিথির বক্তব্যে কৃষি সচিব ওয়াহিদা আক্তার বলেন, খাদ্য উৎপাদন বৃদ্ধি করতে বিজ্ঞানীদের আরও আন্তরিকভাবে গবেষণা করতে হবে। তিনি উৎপাদন বৃদ্ধি এবং খাদ্য নিরাপত্তা নিশ্চিত করতে সংশ্লিষ্টদের প্রতি আহবান জানান।

স্বাগত বক্তব্যে ব্রির মহাপরিচালক ড. মো. শাহজাহান কবীর বলেন, বিভিন্ন গণতান্ত্রিক সরকারের সময় দেশের চালের উৎপাদন পর্যালোচনা করলে দেখা যায় উৎপাদন ক্রমান্বয়ে বাড়লেও বর্তমান কৃষিবান্ধব সরকারের সময় উৎপাদনের হার সবচেয়ে বেশি যা দেশকে খাদ্যে স্বয়ং-সম্পূর্ণ করার পাশাপাশি খাদ্যে উদ্বৃত্তের দেশে পরিণত করেছে। এ সবই সম্ভব হয়েছে সরকারের কৃষি বান্ধব কার্যক্রম যেমন- সার এবং তেলের দাম কমানো, কৃষি যান্ত্রিকীকরণ, সেচ সুবিধা বৃদ্ধি, কৃষিতে প্রণোদনা প্রদান, সার বিতরণ ব্যবস্থার আমূল পরিবর্তন, উন্নত মানের বীজ সরবরাহ ব্যবস্থা, সেচের জন্য নিরবচ্ছিন্ন বিদ্যুৎসহ নানামুখি পদক্ষেপ।

সকালে মাননীয় কৃষিমন্ত্রী গাজীপুরস্থ ব্রি সদর দপ্তরে পৌঁছলে তাকে স্বাগত জানান ব্রির মহাপরিচালক ড. মো. শাহজাহান কবীর। এরপর জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন মাননীয় কৃষিমন্ত্রী। পরে তিনি ব্রি উদ্ভাবিত ধানের জাত ও প্রযুক্তির বিভিন্ন স্টল পরিদর্শন করেন।

১৯৭০ সালের ১ অক্টোবর প্রতিষ্ঠার পর থেকে এখন পর্যন্ত ব্রি ১১৫টি ধানের জাত উদ্ভাবন করেছে। এর মধ্যে ১০৭টি ইনব্রিড এবং ৮টি হাইব্রিড জাত রয়েছে।

## ব্রিতে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদ্‌যাপন

চতুর্থ পৃষ্ঠার পর

আলোচনা সভা শেষে বিশেষ মোনাজাত অনুষ্ঠিত হয়।

পরে ব্রি খেলার মাঠে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে বহিরাঙ্গন ক্রীড়া প্রতিযোগিতা উদ্বোধন করেন ব্রির মাননীয় মহাপরিচালক। প্রতিযোগিতা শেষে পুরস্কার বিতরণ করা হয়। এর আগে বীর মুক্তিযোদ্ধাদের সংবর্ধনা দেয়া হয়। দিনব্যাপী এসব কর্মসূচীতে ব্রির পরিচালক (গবেষণা) ড. মোহাম্মদ খালেকুজ্জামান, পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) ড. মো. আব্দুল লতিফসহ বিভাগীয় ও শাখা প্রধানগণ, ব্রিতে ক্রিয়াশীল বিভিন্ন সংগঠন এর প্রতিনিধি, সর্বস্তরের বিজ্ঞানী, কর্মকর্তা, কর্মচারী ও শ্রমিক এবং বি আর আর আই উচ্চ বিদ্যালয়, ব্রি প্রগতি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।

দিবসটি উপলক্ষে ব্রির জামে মসজিদে দোয়া ও মিলাদ মাহফিলের আয়োজন করা হয়।

## Agriculture Minister's emphasis on research to increase production

After page 1

is impossible. Emphasizing on morer more publicity on mass media about inventions of our scientists the minister said then farmers will get inspired and boost production. BRRI is not only in Bangladesh but also a model across the globe. Just like the International Rice Research Institute (IRRI) introduced the Philippines to the world, BRRI will also introduce Bangladesh to the world. He said we have decided if syndicate remains, how it can be destroyed. We have already started work to invent a process to do this. The Agriculture Minister requested businessmen to be abstained from illegal business.

Bangladesh Rice Research Institute Director General Dr. Md. Shahjahan Kabir presided over the program and delivered welcome speech. Honorable Secretary of Ministry of Agriculture Wahida Akhter was present as a special guest in the event. Bangladesh Agricultural Development Corporation (BADC) Chairman Abdullah Sajjad NDC, Bangladesh Agricultural Research Council (BARC) Executive Chairman Dr. Sheikh Mohammad Bakhtiar, Chairman of the Directorate of Agricultural Extension Badal Chandra Biswas, Director General of Bangladesh Agricultural Research Institute. Debashish Sarkar, United Nations Food and Agriculture Organization (FAO) Bangladesh Representative Jekun C, International Rice Research Institute (IRRI)

Bangladesh representative Dr. Homnath Bhandari were among other guests. BRRI Director (Research) Dr. Mohammad Khalekuzzaman presented an article titled research advancement and achievements 2022-23 and Director of BRRI (Administration and Common Service) Dr. Md. Abdul Latif thanked all.

The Agriculture minister said if we can produce more crops then we don't have to bow down to the world. We have to be cautious so that misuse and corruption do not take place. The projects have to be completed within the estimated time. We have to monitor so that rice price is not increased. A that time the minister said rice price in Bangladesh is lower than international price.

Special Guest Agriculture Secretary Wahida Akter said scientists have to conduct research work more cordially. She urged all concerned to boost food production and ensure food security.

BRRI Director General Dr. Md. Shahjahan Kabir said in his welcome speech that in review of rice production of past democratic governments, it was found that production has been increased gradually, however, during the tenure of present government production rate is the highest, which has transformed the country into a food surplus country besides making it a self sufficient country in food. All these have been possible for different agriculture-friendly programs, such as different steps including reducing price of fuel-fertilizer, mechanization of agriculture, increasing irrigation facilities, incentives in agriculture, radical change in fertilizer distribution system, better quality seed supply system, uninterrupted power for irrigation.

Earlier in the morning when honorable minister reahed BRRI headquarters in Gazipur BRRI DG Dr. Md. Shahjahan Kabir welcomed him. Later the agriculture minister laid wreaths on the portrait of Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman. Following this he inspected different stalls of BRRI invented rice varieties and technology.

Since the foundation of BRRI on October 1st, 1970 till now it has invented 115 varieties of rice. Among those 107 are inbreed and 8 are high breed.

# বীজ বোর্ডের অনুমোদন পেল ব্রি ধান১০৭ ও ব্রি ধান১০৮

প্রথম পৃষ্ঠার পর

নির্বাচিত কৌলিক সারিটি ০৩ বছর সফল ফলন পরীক্ষণের পর ২০১৯ সালে ব্রি'র আঞ্চলিক কার্যালয় সমূহের গবেষণা মাঠে ও ২০২০ সালে বাংলাদেশের বিভিন্ন কৃষি অঞ্চলে কৃষকের মাঠে পরীক্ষা নিরীক্ষা করা হয়। ২০২২ সালে বীজ প্রত্যয়ন এজেন্সী কর্তৃক স্থাপিত প্রস্ড়াবিত জাতের ফলন পরীক্ষায় (পিভিটি) সন্ড়োষজনক হওয়ায় জাতীয় বীজ বোর্ডের মাঠ মূল্যায়ন দলের সুপারিশের ভিত্তিতে জাতটি  ছাড়করণের জন্য আবেদন করা হয়। জাতীয় বীজ বোর্ডের আজকের সভায় সারা দেশে চাষের জন্য একটি প্রিমিয়াম কোয়ালিটির উচ্চ ফলনশীল বালাম জাতের বোরো ধান হিসাবে লতা বালাম কে ব্রি ধান১০৭ হিসেবে অনুমোদন দিয়েছে।

ব্রি ধান১০৭ এর পূর্ণ বয়স্ক গাছের গড় উচ্চতা ১০৩ সেমি। ব্রি ধান১০৭ এর গড় জীবনকাল ১৪৩ দিন যা ব্রি ধান৫০ এর সমান। এর ডিগ পাতা প্রশস্ড়, খাড়া ও লম্বা এবং পাতার রং সবুজ। প্রতি হেক্টরে গড় ফলন ৮.১৯ টন, তবে এটি অনুকূল পরিবেশে উপযুক্ত পরিচর্যা পেলে হেক্টর প্রতি ৯.৫৭ টন পর্যন্ড় ফলন দিতে সক্ষম। পিভিটি পরীক্ষায় দশটি অঞ্চলে ব্রি ধান১০৭ এর ফলন চেক জাত ব্রি ধান৫০ এর চেয়ে প্রায় ১৭.৬৭% বেশী পাওয়া যায়। এ ধানের গুণগতমান ভালো অর্থাৎ চালের আকৃতি অতি লম্বা চিকন (৭.৬ মি.মি.)। এ ধানের চালে অ্যামাইলোজ এবং প্রোটিন এর পরিমাণ যথাক্রমে ২৯.১% এবং ১০.০২% এবং ভাত ঝরঝরে। ব্রি ধান১০৭ এর ১০০০টি পুষ্ট ধানের ওজন ২৬.১ গ্রাম। এ ধানের দানার রং খড়ের মত এবং চাল অতি চিকন ও সাদা। উচ্চ ফলনশীল, অতি চিকন চাল ও ভাত ঝরঝরে হওয়ায় বাংলাদেশের মানুষ এ জাতটি চাষাবাদে ব্যাপক আগ্রহী হবে বলে আশা করা যায় এবং ফলশ্রুতিতে ব্রি ধান১০৭ চাষে বাংলাদেশের সামগ্রিক ধান উৎপাদন বৃদ্ধিতে মুখ্য ভূমিকা রাখবে।

নতুন অনুমোদিত ব্রি ধান১০৮  জাতটি বোরো মৌসুমে সারা দেশে চাষের জন্য অনুমোদন করা হয়েছে। এই জাতের গ্রেইন টাইপ জিরা ধানের মতো । প্রতিটি ছড়ায় অধিক সংখ্যক ধান (২৫০-২৭০ টি) ঘনভাবে সন্নিবেশিত। ওজ ৮০৫৬১ এবং ঈযরহধ রহনৎবফ ৩২১ এর মধ্যে সংকরায়ণ পদ্ধতিতে বিআরএইচ১১-৯-১১-৪-৫বি উদ্ভাবিত হয়। উক্ত কৌলিক সারিটির গবেষণা কার্যক্রম ব্রিতে ২০১২ সন থেকে শুরু হয়। এনএটিপি প্রকল্পের আওতায় বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট(ব্রি), গাজীপুর এবং ব্রির আঞ্চলিক কার্যালয়সমূহের গবেষণা মাঠে এবং দেশের বিভিন্ন এলাকায় কৃষকের মাঠে নানা কৃষি পরিবেশে  দীর্ঘ সময় ধরে এই নতুন কৌলিক সারিটির উপযোগিতা, ফলন ও অন্যান্য কাংঙ্খিত বৈশিষ্ট্যসমূহের ব্যাপক ও নিবিড় পর্যবেক্ষণ-পরীক্ষা-নিরীক্ষা শেষে জাতীয় বীজ বোর্ডের ১১১ তম সভায় এ কৌলিক সারিটি ব্রি ধান১০৮  নামে বোরো মৌসুমে সারা দেশে চাষাবাদের জন্য অবমুক্ত করা হয় ।

ব্রি ধান১০৮ এর পূর্ণ বয়স্ক গাছের গড়  উচ্চতা ১০২ সেমি, এর ডিগ পাতা খাড়া ও গাঢ় সবুজ, একই সাথে হেলে পড়া সহিষ্ণু এবং জীবনকাল ১৪৯-১৫১ দিন। এই জাতের গ্রেইন টাইপ জিরা ধানের মতো। জাতটি কৃষকদের ভালো বাজার মূল্য পাওয়ার বিষয়টি বিবেচনা করে উদ্ভাবন করা হয়ছে। ব্রি ধান১০৮ এ উচ্চ  ফলন ও ফাইন গ্রেইন এর সমন্বয় ঘটেছে । এ জাতটির প্রধান বৈশিষ্ট্য হলো এর প্রতিটি ছড়ায় অধিক সংখ্যক ধান (২৫০-২৭০ টি) ঘনভাবে সন্নিবেশিত এবং গড় ফলন ৮.৭ টন/হে যা ব্রি ধান১০০  জাতের চেয়ে ১.০-১.৫ টন/হে বেশী। ব্রি ধান১০৮ এর ১০০০টি পুষ্ট ধানের ওজন প্রায় ১৬.৩ গ্রাম, চাল মাঝারি লম্বা ও চিকন যা জিরা চালের অনুরূপ, ভাত ঝরঝরে, রং সাদা এবং অ্যামাইলোজ ও প্রোটিনের পরিমাণ ২৪.৫% এবং ৮.৮ %।

# National Day celebrated at BRRI

After page 4

addressed the programme as special guests. The program moderated by Senior Assistant Director (Administration) Kawsar Ahmed was also addressed by CSO and Chief of Farm Management Division Md. Shirajul Islam. Special prayers were offered following the programme. Later, the DG inaugurated outdoor games competition to mark the day at playground of BRRI. Winners were awarded and a reception was arranged for freedom fighters. The programs were attended by BRRI Director (Research) Dr. Mohammad Khalequzzaman, Director (Administration and Common Services) Md. Abdul Latif, heads of divisions and branches, scientists, officials, employees and workers of all levels of BRRI apart from teachers and students of BRRI High School, BRRI Pragati Primary School.

# NSB Approved BRRI dhan107 and BRRI dhan108

After page 1

meeting. Among two new varieties BRRI dhan107, a premium quality balam type high yielding boro rice variety. The line was collected by Bangladesh Rice Research Institute (BRRI) in 2015 from farmers' field and developed through pure line selection. The selected pure line was tested for three (03) years in the research field of BRRI, Gazipur and then it was evaluated in the experimental field of BRRI regional stations in 2019 as well as in different farmers' fields of Bangladesh in 2020. Afterwards it was evaluated in the Proposed Variety Trial (PVT) established by Seed Certification Agency (SCA) in Boro 2022. Due to its successful performance in the PVT, BRRI authority applied to National Seed Board (NSB) for releasing the variety and later on NSB released Lata balam as BRRI dhan107 as a premium quality balam type high yielding Boro rice variety for cultivation throughout the country in its 111th meeting.

The average plant height of BRRI dhan107 is 103 cm. The average growth duration of BRRI dhan107 is 143 days which is approximate to BRRI dhan50. The flag leaf is broad, erect and long. The color of the leaf is green. The average yield of BRRI dhan107 is 8.19 t/ha, although with appropriate management, under favorable environment it can be yielded at 9.57 t/ha. The result of PVT showed that in average BRRI dhan107 yielded 17.67% higher than the check variety BRRI dhan50 in ten locations. The grain quality of the rice is excellent, that is, the grain is extra-long slender (7.6 mm). The amount of amylose and protein of the variety is 29.1% and 10.02%, respectively. The weight of 1000 grain of BRRI dhan107 is 26.1 grams. The grain color of BRRI dhan107 is as like as straw and the milled rice of the variety is extra-long slender and white. Therefore, it is expected that the people of Bangladesh will be interested for the cultivation of the variety and as a result BRRI dhan107 will play a major role in the national rice production of Bangladesh.

BRRI dhan108, is a High-yielding (Jira type) Boro rice variety. This variety has medium slender fine grains as like as Jira dhan and a greater number of grains (250-270) per panicle. The breeding line BRH11-9-11-4-5B is high yielding variety which has been selected for cultivation throughout the country during Boro season. BRH11-9-11-4-5B has been developed by hybridization between IR 80561 and China inbred 321 and pedigree selection. The research program started from 2012 at Bangladesh Rice Research Institute (BRRI) under the NATP-PIU-BARC project. The grain yield and various agronomic parameters of this new breeding line were extensively tested in diverse agro-ecological conditions of Bangladesh in farmers' fields. Finally, at 111th meeting of the National Seed Board - this homozygous breeding line was released for cultivation in Boro season as BRRI dhan108 throughout the country.  The average plant height of BRRI dhan108 is 102 cm with erect, broad, dark green leaves and it is also lodging tolerant with 149-151 days growth duration. The grain type of this variety is medium slender as like Jira dhan. This variety has been developed for better market price for the farmers and branding. BRRI dhan108 has high yield and fine grain. The main characteristics of this variety are densely a greater number of grains (250-270) per panicle. The average yield of BRRI dhan108 is 8.7 t/ha, which is 1.0-1.5 t/ha more than BRRI dhan100. BRRI dhan108 grains has excellent physico-chemical characteristics, with a 1000 grain weight of 16.3 g, white and medium slender fine grains as like as Jira dhan. The content of amylose and protein is 24.5% and 8.8%,

## বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মবার্ষিকী

দ্বিতীয় পৃষ্ঠার পর

বঙ্গবন্ধু মানেই বাংলাদেশ, বাংলাদেশ মানেই বঙ্গবন্ধু। ১৯২০ সালের ১৭ মার্চ বঙ্গবন্ধুর জন্ম হয়েছিল বলেই আমরা একটি স্বাধীন সার্বভৌম রাষ্ট্র পেয়েছি। বিশ্বে মানচিত্রে উদিত হয়েছে বাংলাদেশ নামের একটি রাষ্ট্র। বাংলাদেশকে বিশ্ব দরবারে একটি উন্নত ও আদর্শ রাষ্ট্রে পরিণত করাই ছিল বঙ্গবন্ধুর স্বপ্ন। বর্তমান সরকার সেই স্বপ্ন বাস্তবায়নে নিরলস ভাবে কাজ করে যাচ্ছে। স্মার্ট বাংলাদেশ, উন্নত বাংলাদেশ গড়ে তুলতে ভবিষ্যৎ প্রজন্মকে বঙ্গবন্ধুর আদর্শ ও চেতনা লালন করতে হবে। এ সব কর্মসূচীতে বিভাগীয় ও শাখা প্রধানগণ, ব্রিতে ক্রিয়াশীল বিভিন্ন সংগঠন এর প্রতিনিধিবৃন্দ, সর্বস্তরের বিজ্ঞানী, কর্মকর্তা, কর্মচারী, শ্রমিক এবং বি আর আর আই উচ্চ বিদ্যালয় ও ব্রি প্রগতি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯২০ সালের ১৭ মার্চ গোপালগঞ্জ জেলার টুঙ্গীপাড়া উপজেলায় শেখ লুৎফর রহমান এবং সায়েরা বেগমের ঘরে জন্মগ্রহণ করেন। ৬ ভাই বোনের মধ্যে তিনি ছিলেন তৃতীয়। বঙ্গবন্ধুর সহধর্মিনীর নাম বেগম ফজিলাতুন্নেসা মুজিব। বঙ্গবন্ধুর পাঁচ সন্তান। তিন ছেলে দুই মেয়ে। শেখ হাসিনা, শেখ কামাল, শেখ রেহানা, শেখ জামাল ও শেখ রাসেল।

শেখ মুজিবুর রহমানকে ১৯৬৯ সালের ২৩ ফেব্রুয়ারি ঢাকার রেসকোর্স ময়দানে ‘বঙ্গবন্ধু’ উপাধি দেয়া হয়।

## Bangabandhu Sheikh Mujibur Rahman’s birth anniversary

After page 2

birthday cake of the father of the nation with the children of BARI High School and BRRI Pragati Primary School.

Earlier, the Chief Guest inaugurated the National Children's Day program by blowing balloons. At this time, honorable director general told the students that Bangabandhu means Bangladesh, Bangladesh means Bangabandhu. Because of
birth of Bangabandhu on March 17, 1920, we got an independent sovereign state. A country named Bangladesh has emerged on the world map. Bangabandhu's dream was to make Bangladesh a developed and ideal state in the world. The current government is working tirelessly to realize that dream. Future generations should cherish Bangabandhu's ideals and spirit to build a smart Bangladesh, a developed Bangladesh. Heads of divisions and branches, representatives of various organizations active in BRRI, scientists of all levels, officials, employees and workers of BRRI along with teachers-students of BARI High School and BRRI Pragati Primary School were present in all these programmes.

## Photographs of the programme organized on the occasion of Bangabandhu’s Birthday
















**উপদেষ্টামণ্ডলী**
ড. মো. শাহজাহান কবীর
ড. মোহাম্মদ খালেকুজ্জামান
ড. মো. আব্দুল লতিফ

**সম্পাদনায়**
মো. রাশেদুল রানা
রকিব আহমেদ

**সহযোগিতায়**
সকল বিভাগীয় প্রধান ও
সংশ্লিষ্ট বিজ্ঞানীগণ

**ছবি**
মো. মাসুম রানা

**গ্রাফিক্স ডিজাইন**
রিয়াজুল ইসলাম রানা

**মুদ্রণ**
অক্ষর প্রিন্টিং প্রেস
গাজীপুর

কপি সংখ্যা: ২,০০০

প্রকাশনা নম্বর: ৪০৩

প্রকাশকাল: মার্চ ২০২৪


# BRRI Observed International Mother Language Day




# Seminar held in BRRI during January to March 2024

| Speaker | Topic | Date |
|---|---|---|
| **Dr. Masuda Akter**<br>SSO, Soil Science Division, BRRI | Link between paddy soil mineral nitrogen release and iron and manganese reduction examined in a rice pot growth experiment | 04 Jan |
| **Dr. Mir Nurul Hasan Mahmud**<br>SSO, IWMD, BRRI | Precision Water Management Using Sensor and Internet of Things Based Smart Technologies for Climate-Resilient Rice Production in Bangladesh | 11 Jan |
| **Dr. Khairul Alam Bhuyan**<br>PSO, Agronomy Division, BRRI | Principles of Good Agriculture Practice 2020 for Safe Food and its Implication in Rice Production | 18 Jan |
| **Rumana Akter**<br>SO, Plant Pathology Division, BRRI | Effect of green-synthesized nano particle against BLB a new control method | 28 Mar |


প্রকাশনা ও জনসংযোগ বিভাগ, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর ১৭০১ থেকে প্রকাশিত ও প্রচারিত।
ফোন: ৪৯২৭২০৬১, পিএবিএক্স: ৪৯২৭২০০৫, ৪৯২৭২০১০-১৫, ফ্যাক্স: ৮৮-০২-৪৯২৭২০০০
ই-মেইল: dg@brri.gov.bd, brrihq@yahoo.com, ওয়েবসাইট: www.brri.gov.bd, www.knowledgebank-brri.org